# উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী
## কালিগঞ্জ, সাতক্ষীরা

সভাপতি ঃ মোঃ আব্দুর রউফ
উপজেলা পরিষদ চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
কালিগঞ্জ, সাতক্ষীরা

সভার তারিখ ঃ ২৬-০২-২০১৯

সময় ঃ বেলা ১২-০০ টা

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ,কালিগঞ্জ,

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথকভাবে রেজিস্টারে সংরক্ষিত

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করা হয়। শুরুতে মাননীয় সংসদ সদস্য ১০৮, সাতক্ষীরা - ৪ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভায় উপস্থিত থাকতে পেরে সকলকে ধন্যবাদ জানান । তিনি জানান যে, ডাম্পার, টলি এদের লাইসেন্স নেই । এগুলো রাস্তায় চলাচলের কারণে রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে । এদের বিরুদ্ধে মাইকিং করে বন্ধের ব্যবস্থা করতে হবে। তিনি আরো জানান দেশ আজ উন্নয়নের শিখরে উঠে যাচ্ছে । মাননীয় প্রধান মন্ত্রীর নেতৃত্বে দেশ আজ উন্নত দেশে পৌছে যাচ্ছে । নির্বাচনী ইসতেহারে "গ্রাম হলো শহর"। আগামী ৩ মাসের মধ্যে এলাকায় কোন বাড়িতে বিদ্যুৎ বিহীন থাকবে না । কালিগঞ্জকে মডেল উপজেলা উপহার দেয়া হবে । তিনি নিজ নিজ অবস্থান থেকে সকলকে কাজ করার আহবান জানান ।

১। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারো কোন আপত্তি না থাকায় তা দৃঢ়করণ করা হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ২.০১। উপজেলা প্রকৌশলী দপ্তরের কার্যক্রমঃ<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরার প্রতিনিধি জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। | উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা. |
| ২.০২। মৎস্য বিভাগের কার্যক্রম ঃ<br>সিনিয়র উপজেলা মৎস্য কমর্কতা সভায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন । তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । মাছ উৎপাদন বৃদ্ধির জন্য প্রশিক্ষণসহ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উপাজেলা পরিষদের পুকুরটি ভরাট হয়ে যাচ্ছে। এটি খনন করা প্রয়োজন । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | মৎস্য বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br>উপজেলা পরিষদের পুকুরটি খননের বিষয়ে পররর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার,কালিগঞ্জ, সাতক্ষীরা<br>উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৩। **স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার তার বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভায় আলোকপাত করেন। তিনি তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.০৪। দুর্যোগ ও ত্রাণ বিভাগের কার্যক্রম: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। ২০১৭-২০১৮ অর্থ বছরের ২ টি ব্রীজের কাজ শেষ হয়েছে। সোলার সিষ্টেম ২০১৮-১৯ অর্থ বছরে পিও পাওয়া গেছে। কোন ইউনিয়নে ঝড় বৃষ্টিতে ক্ষয়ক্ষতি হলে তথ্য প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৫। উপজেলা প্রাণি সম্পদ বিভাগের কার্যক্রম ঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা নেই। তিনি আরো জানান প্রাণি সম্পদের শিল্পায়ন, বাংলাদেশের উন্নয়ন। প্রাণি সম্পদ মাঠ স্কুল বাস্তবায়ন করা হচ্ছে। মাননীয় সংসদ সদস্য মহোদয়কে সভায় উপস্থিত থাকার জন্য স্বাগত জানান। প্রাণি সম্পদ সেবা সপ্তাহ মার্চ/১৯ মাসে উদযাপন করা হবে। মাননীয় সংসদ সদস্য মহোদয়কে প্রাণি সম্পদ সেবা সপ্তাহে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানান হয়। | প্রাণি সম্পদ বিভাগের কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৬। উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা নেই। বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.০৭। উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম ঃ উপজেলা কৃষি অফিসার জানান যে, তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা নেই। তিনি আরো জানান উপজেলা পরিষদের অর্থায়নে উপজেলা পরিষদের ভিতরে ফলজ বাগান করার জন্য প্রকল্প গ্রহণ করা হয়। তার দপ্তর হতে ইতোমধ্যে দুই হাজার কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তারা অনেক উপকৃত হয়েছে। সাইলো প্রকল্পের আওতায় আট হাজার কৃষক উপকৃত হচ্ছে। এডিপি প্রকল্প গ্রহণের বিষয়ে সকল অফিসের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.০৮। **উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম ঃ** <br> উপজেলা শিক্ষা অফিসার কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নে কোন সমস্যা নেই। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.৯। **উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম ঃ** <br> উপজেলা সমাজ সেবা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। তিনি আরো জানান সেন্টিনেন্টে প্রোগ্রাম কার্যক্রম বাড়াতে হবে। | (১) উপজেলা সমাজসেবা কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। <br> (২) উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয় হতে বয়স্কভাতা, প্রতিবন্ধীভাতা, বিধবাভাতাভোগীদের সেবা প্রদানে সহজীকরণ করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১০। **উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম ঃ** <br> উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। তিনি তার অফিসের রুমগুলো সংস্কারের প্রস্তাব করেন। | (১) উপজেলা সমবায় বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। <br> (২) উপজেলা সমবায় অফিসের রুম সংস্কারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) উপজেলা সমবায় অফিসার, কালিগঞ্জ <br> (২) উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১১। **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ঃ** <br> উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। মা সমাবেশ, উঠান বৈঠাক প্রভৃতি কার্যক্রম করা হচ্ছে। দম্পত্তি রেজিস্ট্রেশন কার্যক্রম চলছে। হিউম্যান ডেভ্যালেপমেন্ট এবং পুষ্টি নিয়ে কাজ করা হচ্ছে। জনস্বার্থে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম ত্বরান্বিত করার বাস্তব পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, কালিগঞ্জ |
| ২.১২। **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম ঃ** <br> উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ এর প্রতিনিধি জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালিগঞ্জ,সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১৩। <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম</u><br><br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, কালিগঞ্জ সভায় জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। প্রশিক্ষণ এবং ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীও চলমান রয়েছে। কোন সমস্যা নেই। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ২.১৪। <u>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম</u> ঃ<br><br>সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার বিষয়ে আলোচনা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনের কার্যক্রম বিভাগের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, কালিগঞ্জ |
| ২.১৫। <u>জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম</u> ঃ<br><br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ-এর প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আপাতত কোন সমস্যা নেই।<br><br>তিনি সভায় আরো জানান যে,-২০১৮-১৯ অর্থবছরে কালিগঞ্জ উপজেলাতে তার বিভাগের তত্ত্বাবধানে অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় প্রথম পর্যায়ে ৪৫টি গভীর নলকূপ ও ৬৬টি তারা গভীর নলকূপ স্থাপন, ৯৫টি রেইন ওয়াটার হারভেস্টার বরাদ্দ পাওয়া যায়; যার কাজ চলমান রয়েছে। দ্বিতীয় পযায়ে ৪৫টি গভীর নলকীপ ও ৬৬টি তারা গভীর নলকূপ বরাদ্দ পাওয়া যায়। যার স্থান নিবাচন কার্যক্রম চলমান রয়েছে। পানি সরবরাহ আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় উপজেলার চাম্পাফুল ইউনিয়নে ১৯ টি ও কৃষ্ণনগর ইউনিয়নে ১৯টি মোট ৩৮টি গভীর নলকূপ এবং ধলবাড়ীয়া ইউনিয়নে ১২টি ও রতনপুর ইউনিয়নে ৩০টি মোট ৪২টি তারা গভীর নলকূপের স্থান নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। পল্লী অঞ্চলের পানি সরবরাহ প্রকল্পের আওতায় ০-৪টি অগভীর, ১০ টি গভীর, ১১টি তারা গভীর নলকূপ , ৭টি রেইন পানি সংরক্ষণ ও নিরাপদ সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয়সমূহ পুন:খনন/ সংস্কার প্রকল্পের আওতায় ০৮টি পুকুর বরাদ্দ পাওয়া যায় যার মধ্যে ২টির খনন কাজ সমাপ্ত এবং বাকী ০৫টির খনন কাজ কাজ চলমান রয়েছে। উপরন্তু দেয়া পুকুরে সোলার পিএসএফ এর কাজ চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপ -সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| ২.১৬। **বন বিভাগের কার্যক্রম ঃ**<br><br>ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরা সভায় বন বিভাগের সার্বিক কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন । তিনি জানান ২০১৭-১৮ অর্থবছরে ২০ কিঃ মিঃ স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে। এ ছাড়া ৪০০৮টি নারিকেল গাছ, ৪৮০০টি সুপারি গাছ, ১৪৪০টি খেজুর গাছ ও বিভিন্ন প্রতিষ্ঠানে শোভা বর্ধনকারী বিভিন্ন প্রজাতির ২৬০০টি চারা রোপন করা হয়েছে। আগামী অর্থ বছরেও গাছ লাগানোর পরিকল্পনা রয়েছে। | আগামী অর্থ বছরের জন্য প্রণীত কর্ম পরিকল্পনা অনুযায়ী বৃক্ষ রোপন কার্যক্রম বাস্তবায়নের জন্য ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সভায় অনুরোধ জানানো হয়। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন কেন্দ্র, কালিগঞ্জ,সাতক্ষীরা |
| ২.১৭। **খাদ্য বিভাগের কার্যক্রম ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। আমন চাল সংগ্রহ অভিযান চলছে । ১৩০৪ মেঃটন লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। অর্জন প্রায় কাছাকাছি পৌছে গেছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমের ধারা অব্যাহত রাখার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কালিগঞ্জ সাতক্ষীরা |
| ৩. **উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন**<br><br>(ক) সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির অধীন উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ২ কিস্তিতে মোট ৮০.০০ ( আশি) লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত অর্থ নীতিমালা অনুযায়ী বিভাজন বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) ২০১৮-১৯ অর্থবছরে- বার্ষিক উন্নয়ন কমসূচির অধীন উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় ২ কিস্তিতে বরাদ্দ মোট ৮০.০০ (আশি) লক্ষ টাকা নীতিমালা অনুযায়ী বিভাজন করে আগামী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা প্রকৌশলীকে সভার পক্ষ থেকে অনুরোধ জানানো হয়। | (১) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) উপজেলা প্রকৌশলী কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ৪ . বিবিধ:<br><br>ক) **ই-সেবা কেন্দ্র সংক্রান্ত ঃ**<br><br>সভায় জানানো হয় যে, সরকারের ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসেবে ইতোমধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে ই-সেবা কার্যক্রম চালু করা হয়েছে। জেলা প্রশাসনের অনুরূপ কার্য সম্পাদনের লক্ষ্যে উপজেলা পর্যায়ে ই-সেবা কার্যক্রম শুরু হয়েছে। অত্র উপজেলার ৩০টি সরকারি অফিসে রাউটারের মাধ্যমে ইন্টারনেট সংযোগের কার্যক্রম চলছে। বিষয়টি এলাকার জনসাধারণকে অবহিত করা প্রয়োজন। সভায় বিষয়টি নিয়ে আলোচনা হয়। | উপজেলা পর্যায়ের ইন্টারনেট সম্পর্কে জনসাধারণকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয় | (১) সকল বিভাগীয় কর্মকর্তাগণ, কালিগঞ্জ<br>(২) সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কালিগঞ্জ, সাতক্ষীরা |

| | | |
|---|---|---|
| **(খ) ইউনিয়ন ডিজিটাল সেন্টার সংক্রান্ত ঃ** সভায় জানানো হয় যে, সরকার প্রতিটি ইউনিয়নে ডিজিটাল সেন্টার স্থাপন করেছেন। এ **"ডিজিটাল সেন্টার"** এর মাধ্যমে জনসাধারণ বর্তমান প্রযুক্তিগত বিভিন্ন সুবিধা দোরগোড়ায় পৌঁছে গেছে। তাছাড়া বর্তমানে অন-লাইনে জন্ম নিবন্ধন কার্যক্রম চলছে। বিষয়টি এলাকার জনসাধারণকে অবহিত করার জন্য/প্রচারের জন্য সকলকে অনুরোধ করা হয়। বিশেষ করে ইউপি চেয়ারম্যানবৃন্দকে বিষয়টি গুরুতে সহকারে গ্রহণ করে **"ডিজিটাল সেন্টার"** এর কার্যক্রম জোরদার করতে পুনরায় অনুরোধ করা হয়। তাছাড়া ইউনিয়ন ওয়েব পোর্টাল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।**"ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেম"** এ উদ্যোক্তারা তাদের আয়ের তথ্য প্রতিনিয়ত আপলোড করছে। ওয়েব পোর্টালে তথ্যাদি হালনাগাদ নেই। উদ্যোক্তাদের মাধ্যমে ওয়েব পোর্টাল হাল নাগাদ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় আলোচনা হয়। | উদ্যোক্তাদের মাধ্যমে ওয়েব পোর্টাল হাল নাগাদ করার কার্যক্রম প্রতিনিয়ত পর্যালোচনা করার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ করা হয়। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কালিগঞ্জ, সাতক্ষীরা |
| (গ) চেয়ারম্যান, বৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বাঁশতলা- কালিগঞ্জ রাস্তা নষ্ট হয়ে গেছে, প্রায় পরিত্যাক্ত। এলজিইডির রাস্তা। তাছাড়া কালিগঞ্জ থানা মোড় হতে ডাকবাংলা মোড় পর্যন্ত রাস্তাটির অবস্থা খুবই নাজুক। গোবিন্দপুর রাস্তাটির অবস্থা খুবই খারাপ। তার ইউনিয়ন পরিষদ ভবনটির টালি ভেঙ্গে গেছে। মেরামতের প্রস্তাব রাখেন। বৃষ্ণপুর কমিউনিটি ক্লিনিকটির বাউন্ডারী ওয়াল নেই। তার ইউপি হতে পুটিমারী খাল খনন করা হয়েছে। খালের পাশ দিয়ে বৃক্ষ রোপন করার প্রস্তাব রাখেন। | (১) বাঁশতলা- কালিগঞ্জ রাস্তা (২) কালিগঞ্জ থানা মোড় হতে ডাকবাংলা মোড় পর্যন্ত রাস্তা দু'টি দ্রুত সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| (ঘ) সভায় জানানো হয় যে, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস আসন্ন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। দিবসটি উদযাপন করার জন্য সরকার হতে যে বরাদ্দ পাওয়া যাবে তা দিয়ে সমগ্র অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করা সম্ভব নয়। দিবসটি উৎসবমুখর পরিবেশে উদযাপন করতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের প্রস্তাব করা হয়। | মহান স্বাধীনতা ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের ব্যয় নির্বাহের নিমিত্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান(ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ, কালিগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার কালিগঞ্জ, সাতক্ষীরা |
| (ঙ) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ, কালিগঞ্জ সভায় জানান যে, তার এবং উপাজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের টি,এ/ ডিএ বিল ২০১৪ সন হতে উত্তোলন করা হয়নি। তিনি বিলসমূহ অনুমোদনের প্রস্তাব রাখেন। বিষয়টি বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষ রাজস্ব তহবিল হতে উক্ত ভাইস চেয়ারম্যনদ্বয়ের টিএ/ ডিএ ভাতা পরিশোধের বিষয়ে উপস্থিত সবাই একমত পোষণ করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত ভাইস চেয়ারম্যানদ্বয়ের টিএ/ ডিএ ভাতা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা (২) উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ |

| | | |
|---|---|---|
| (চ) উপজেলা পরিষদের জীপগাড়ী নং- সাতক্ষীরা ঘ- ১১-০০২৪ এর এসি মেরামত বাবদ ১৫,৬০০/- (পনের হাজার ছয়শত) টাকা ব্যয় হয়েছে। উক্ত টাকা প্রাপ্তির জন্য জনাব মো আবু হাসান, জীপ চালক, উপজেলা পরিষদ, কালিগঞ্জ আবেদন করেছেন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদের জীপগাড়ী নং- সাতক্ষীরা ঘ- ১১-০০২৪ এর এসি মেরামত বাবদ ১৫,৬০০/- (পনের হাজার ছয়শত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>(২) উপজেলা নিবাহী অফিসার, কালিগঞ্জ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: আব্দুর রউফ
উপজেলা পরিষদ চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং-৪৬.৪৪.৮৭৪৭.০০০.২৪.০০৫.১৮ -২৮৩

তারিখ : ২৮ ফেব্রুয়ারী,২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)

১। মাননীয় সংসদ সদস্য, ১০৭–সাতক্ষীরা-৩/১০৮–সাতক্ষীরা-৪ নির্বাচনী এলাকা

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৪। উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান/ উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা

৫। উপজেলা ---------------------------------------- কর্মকর্তা (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

৬। চেয়ারম্যান ------------------------------------- ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা

৭। জনাব ------------------------------------------------, কালিগঞ্জ, সাতক্ষীরা

২৮/০২/১৯

সরদার মোস্তফা শাহিন
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা